উপজেলাপরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

স্মারক নং- উ.প.কা/হালু/২০২১- ৬২

তারিখঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ।

## সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যগণ কে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৮/০৮/২১
(শাখাওয়াত হোসেন ফকির)
উপজেলা ভাইস চেয়ারম্যান
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপিসদয়জ্ঞাতার্থে/ কার্যার্থে ঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। অফিসার ইনচার্জ, হালুয়াঘাট থানা, হালুয়াঘাট।
৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৭। কোম্পানি কমান্ডার, বিজিপি, কড়ইতলী/আইলাতলী, হালুয়াঘাট।
৮। চেয়ারম্যান.............................. ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট,ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তারকার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

## আইন শৃঙ্খলাবিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হালুয়াঘাট ও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলার আইন শৃঙ্খলার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি জঙ্গীবাদ ও সন্ত্রাসী কার্যক্রম রোধ করার জন্য সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার জন্য আহ্বান জানান এবং তিনি আরও জানান যে, প্রতি মাসে পৌরসভা, ইউনিয়ন সন্ত্রাস নাশকতা ও প্রতিরোধ কমিটির সভা আহ্বান পূর্বক সভার কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ অনুরোধ জানান। এছাড়াও বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প বাস্তবায়নে আরও গতিশীল করার জন্য আহ্বান জানান এবং স্থানীয় পর্যায়ে বিচার ব্যবস্থা সুদৃঢ় ও টেকসই করার লক্ষ্যে দেশের প্রতিটি ইউনিয়নের এখতিয়ারাধীন কতিপয় বিরোধ ও বিবাদের সহজ ও দ্রুত নিস্পত্তির উদ্দেশ্যে "গ্রাম আদালত, ২০০৬" প্রণয়ন এবং পরবর্তীতে ২০১৩ সালে গ্রাম আদালত আইন, ২০০৬ সংশোধিত হয় এবং ২০১৬ সালে "গ্রাম আদালত বিধিমালা, ২০১৬" জারির মাধ্যমে গ্রাম আদালত ব্যবস্থাকে আরও শক্তিশালী করা ও প্রতিটি ইউনিয়নের এখতিয়ারাধীন গ্রাম আদালতে বিচার্য বিরোধ ও বিবাদের সহজ ও দ্রুত নিস্পত্তির লক্ষ্যে নিয়মিত গ্রাম আদালত পরিচালনা করার জন্য তিনি আহ্বান জানান। এছাড়াও তিনি আরও জানান যে, পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে সকলকে সচেতন হতে হবে এবং সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নে তথা সময়ে সময়ে সরকারি নির্দেশনাগুলো যথাযথ ভাবে প্রতিপালন করার জন্য সকলকে আহ্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা উন্নতি করার জন্য সচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>হালুয়াঘাট উপজেলার কোথাও যাতে স্পর্শকাতর অপরাধ সমূহ সংঘটিত না হতে পারে সংশ্লিষ্ট কর্তৃ পক্ষকে তা নিশ্চিত করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাখাওয়াত হোসেন ফকির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।

স্মারক নং-আইন শৃঙ্খলা/হালু/২০২১- ৮৬

তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৩। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। অফিসার ইনচার্জ,হালুয়াঘাট থানা
৭। চেয়ারম্যান.............................................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।

(মৌসুমী আক্তার)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
হালুয়াঘাট, ময়মনসিংহ।

১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত
সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিকনং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট | সভাপতি | |
| ২ | চেয়ারম্যান, হালুয়াঘাট ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৩ | উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৪ | চেয়ারম্যান, শাকুয়াই ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হালুয়াঘাট | সদস্য-সচিব | |